# 3 Yr. Degree/4 Yr. Honours 4th Semester Examination, 2025 (CCFUP)

## Subject : Bengali

## Course: BENG4012 (MAJOR)

6783

**(উনিশ শতকের কাব্য-কবিতা)**

**Time: 3 Hours** **Full Marks: 60**

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) "নিন্দে তোমা, হে নরেন্দ্র, মন্দ কথা ক'য়ে"।—কে, কেন নিন্দা করে?

(খ) "জীবন-মরণ মম আজি তব হাতে"—বক্তা কেন একথা বলেছেন?

(গ) "বিতংসে কেবা বাঁধে কেশরীরে"—বক্তা এই উপমার দ্বারা কী বোঝাতে চেয়েছেন?

(ঘ) 'নীলধ্বজের প্রতি জনা' পত্রিকায় জনার পত্র রচনার উদ্দেশ্য কী ছিল?

(ঙ) 'সারদামঙ্গল' কাব্যের প্রথম সর্গের গীতি অংশে কীসের বর্ণনা আছে? এখানে কাকে আহ্বান করা হয়েছে?

(চ) 'সারদামঙ্গল' কাব্যের পঞ্চম সর্গের শেষে কবি কাকে, কোন গান গাইতে অনুরোধ করেছেন?

(ছ) 'সারদামঙ্গল' কাব্যটি কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়? গ্রন্থাকারে কবে প্রকাশিত হয়েছিল?

(জ) 'সারদামঙ্গল' কাব্যের ভূমিকায় কবি 'সারদামঙ্গল' রচনার কী কারণ জানিয়েছেন?

(ঝ) 'এষা' শব্দের অর্থ কী? কাব্যটি গ্রন্থাকারে কবে প্রকাশিত হয়?

(ঞ) 'এষা' কাব্যের 'নিবেদন' অংশে কবি তাঁর প্রিয়তমাকে কী রূপে দেখেছেন?

(ট) 'বাঁধিও না আর মায়াফাঁদে'— কে, কাকে একথা বলেছেন?

(ঠ) "কাঁদিলাম চিরদুঃখী জানকীর দুঃখে"— প্রসঙ্গসহ পঙ্‌ক্তিটির তাৎপর্য লেখো।

(ড) "পূর্ণা তরঙ্গিনী ধায় দূর পারাবারে/মিলন ব্যাকুল"— কথাগুলির সরলার্থ লেখো।

(ঢ) 'ডেকে আন' কবিতাটি কামিনী রায়ের কোন কবিতা সংকলনে আছে? এখানে কাকে ডাকার কথা বলা হয়েছে?

(ণ) "তেমনি করে মাকে চাব"— মা-কে চাওয়ার ব্যাকুলতা প্রকাশে কবি ব্যবহার করেছেন এমন দুটি উপমা-চিত্রের উল্লেখ করো।

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) বিহারীলাল চক্রবর্তীর ভাবনায় সারদা কখনো কন্যা, কখনো জননী, কখনো প্রেয়সী—সারদার এই তিন রূপের পরিচয় দাও।

(খ) "কিঙ্করী করিয়া মোরে রাখ রাজপদে"— বক্তা কে? তার মনোভাব বিশ্লেষণ করো।

Please Turn Over

(গ) "এ কি কথা শুনি আজ"— কোন কথা শুনে বক্তা রাজাকে কোন কোন প্রশ্ন কেন করেছেন তা নিজের ভাষায় লেখো।

(ঘ) 'এষা' কাব্যের মৃত্যু অংশে কবির মনোবেদনার স্বরূপটি সংক্ষেপে লেখো।

(ঙ) 'কবি' কবিতায় ঈশ্বরচন্দ্র গুপ্ত কবিতা সৃষ্টির স্বরূপটি যেভাবে তুলে ধরেছেন তা আলোচনা করো।

(চ) 'কৃতঘ্ন, মা বঙ্গভূমি!'— নবীনচন্দ্র সেন বঙ্গভূমিকে কৃতঘ্ন কেন বলেছেন, প্রাসঙ্গিক কবিতা অবলম্বনে বুঝিয়ে দাও।

৩। নীচের প্রশ্নগুলির উত্তর দাও : ১০×২=২০

(ক) 'দুষ্মন্তের প্রতি শকুন্তলা' পত্রে শকুন্তলা কোন অর্থে বীরাঙ্গনা তা তোমার বিশ্লেষণে স্পষ্ট করো।

*অথবা,*

বিহারীলাল চক্রবর্তীর 'সারদামঙ্গল' সার্থক গীতিকাব্য হয়ে উঠেছে কি না তোমার বিশ্লেষণে স্পষ্ট করো।

(খ) 'এষা' কাব্যের "প্রথম ও প্রধান গুণ—ইহার অসাধারণ বস্তুতন্ত্রতা— কবি আপনার জীবনের বাহিরের ও ভিতরের অতি ঘনিষ্ঠ ও পরিচিত অভিজ্ঞতার উপর এই কবিতাগুলি গড়িয়াছেন"—অভিমতটি বিশ্লেষণ করো।

*অথবা,*

উনিশ শতকের বাংলা গীতিকবিতার সাধারণ বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো।

———